

উচ্চশিক্ষা

শিক্ষাপ্রতিষ্ঠানে অনলাইন ও সশরীরে ক্লাসের কথা ভাবা হচ্ছে, সিদ্ধান্ত মন্ত্রিসভায়: শিক্ষামন্ত্রী

বিশেষ প্রতিবেদক ঢাকা

আপডেট: ৩১ মার্চ ২০২৬, ১২: ৫১



শিক্ষামন্ত্রী ছবি: বিটিভির সৌজন্যে

জ্বালানি সংকটের বিষয়টি বিবেচনায় নিয়ে মহানগরীর এলাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে (বিশ্ববিদ্যালয় বাদে) অনলাইন ও সশরীরে (রেন্ডিং) ক্লাস নেওয়ার বিষয়টি আলোচনা হচ্ছে বলে জানালেন শিক্ষামন্ত্রী আন ম এছানুল হক মিলন। আজ মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, জ্বালানি সংকটের কারণে তারা এটা ভাবছেন। তবে এটা মন্ত্রিসভার বৈঠকে আলোচনা হবে এবং সেখানেই সিদ্ধান্ত হবে বলে জানান তিনি।

